

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ০১২ ২০১৬- ০৪২

তারিখঃ ২৫-০২-২০১৬খ্রিঃ।

বিষয়ঃ রীট পিটিশন নং-১০৮৪৫/২০১৫ মামলায় গত ৩১-০৮-২০১৫খ্রিঃ তারিখের আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে উচ্চ আদালতে আপীল দায়ের সংক্রান্ত।


সূত্রঃ সলিসিটর উইং-এর রীট শাখা-১ এর গত ১৯-০১-২০১৬খ্রিঃ তারিখের ৬০ সংখ্যক ইউ.ও নোট।

রাজশাহী জেলার চারঘাট উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ নাজমুল হককে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১০৮৪৫/২০১৫নং রীট পিটিশন দায়ের করেন। উক্ত রীট পিটিশনে বরখাস্ত আদেশের উপর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ৩১-০৮-২০১৫খ্রিঃ তারিখে ০৬(ছয়) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করা হয়। উক্ত আদেশের সার্টিফাইড কপি প্রেরণকরতঃ উচ্চ আদালতে লীড-টু-আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন-১ শাখা হতে গত ২৪-১২-২০১৫খ্রিঃ তারিখে বিজ্ঞ সলিসিটরকে অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে রীট পিটিশনের আর্জির পূর্ণাঙ্গ কপি, মামলা সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রাদি(যদি থাকে), বিলম্বের ব্যাখ্যা ও গ্রাউন্ডস অব আপীল প্রেরণের জন্য সূত্রোক্ত স্মারকে আইন-১ অধিশাখাকে অনুরোধ করা হয়েছে। এ ছাড়া জেলা প্রশাসক, নওগাঁ কর্তৃক মামলার দফাওয়ারী জবাব পরবর্তী কার্যার্থে এ বিভাগে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের সার্টিফাইড কপি সংগ্রহ করে সরকার পক্ষে উচ্চ আদালতে লীড-টু-আপীল দায়েরসহ স্থগিতাদেশটি ভ্যাকেট করণসহ মামলাটি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


২৫.০২.১৬
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
১৫৪০৯৯৫
Email:ishanaliraja@gmail.com

জনাব সালাউদ্দিন ইফ্রাক্দার (কিং)
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। জেলা প্রশাসক, নওগাঁ;
- ০৪। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৮। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;